যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ...

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অর্থ সংকট

রাবি প্রতিনিধি

চলতি বছর রাজশাহী বিশ্ববিদ্যালয়ে চরম অর্থ সংকট দেখা দিয়েছে। এ বছর বাজেট ঘাটতির পরিমাণ প্রায় ১৪ কোটি টাকা। অর্থসংকটের কারণে বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বেতনভাতা বন্ধের উপক্রম হতে চলেছে। ২৮ নভেম্বর স্থানীয় সংবাদ মাধ্যম প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়কালে বিশ্ববিদ্যালয়ের চলমান অর্থ সংকটের কথা স্বীকার করেছেন. বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ফাইসুল ইসলাম ফারুকী।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, প্রতি বছর ঘোষিত বাজেটের অপ্রতুল অর্থ বরাদ্দ, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব খাতের অপর্যাপ্ততা ও সমাঞ্জস্যহীন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ এ সংকটের প্রধান কারণ। সূত্র মতে, বর্তমান সময়ে বিশ্ববিদ্যালয়ের এই অর্থ সংকট গভীর উদ্বেগের সৃষ্টি করেছে শিক্ষক-কর্মকর্তাদের মধ্যে। সূত্র জানায়, ২০০১-২০০২ অর্থবছরে রাজশাহী বিশ্ববিদ্যালয় ৬৫ কোটি টাকার বাজেট ঘোষণা করেছিল। এর মধ্যে নিজস্ব উৎস থেকে ৩ কোটি ৬৫ লাখ টাকা আয় ধরা হয়েছিল। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বাজেট ঘাটতির বাকি টাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছ থেকে প্রাপ্তির আশা করলেও মঞ্জুরি কমিশন পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়ের বাজের কাটছাঁট করতে বললে এই সংকটের সৃষ্টি হয়। ১৯৯৯-২০০০ অর্থবছরে বাজেট ঘাটতির পরিমাণ ছিল প্রায় ২০ কোটি টাকা। পরবর্তী বছরগুলোতে ঘাটতির পরিমাণ এই অঙ্ক ছাড়িয়ে যেতে পারে বলে সংশ্লিষ্ট সূত্র ধারণা করছে।

বাজেট ঘাটতির কারণে মঞ্জুরি কমিশনের পরামর্শ অনুযায়ী গত জুলাই মাস থেকে বিশ্ববিদ্যালয়ে নতুন নিয়োগ বন্ধ রয়েছে। এছাড়াও অভ্যন্তরীণ ক্ষেত্রে পরীক্ষার পারিতোষিক বিলসহ বেশকিছু উল্লেখযোগ্য খাতের বকেয়া মেটাতে পারছে না বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ পরিস্থিতি অব্যাহত থাকলে অচিরেই রাজশাহী বিশ্ববিদ্যালয় চরম অর্থ সংকটে পড়বে বলে অভিজ্ঞ মহল মনে করছে।